কালের কণ্ঠ

তারিখ 19 JUN 2015
পৃষ্ঠা ... কলাম ...

# ইবির ভর্তি পরীক্ষা ১৫ থেকে ১৯ নভেম্বর

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। আগামী ১৫ নভেম্বর থেকে শুরু হয়ে ১৯ নভেম্বর পর্যন্ত এ ভর্তি পরীক্ষা চলবে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মসলেম উদ্দিন।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মসলেম উদ্দিন বলেন, 'বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আবদুল হাকিমের নেতৃত্বে সব অনুষদের ডিনদের পরামর্শে এ তারিখ নির্ধারণ করা হয়েছে। আশা করি নির্দিষ্ট সময়ে ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।'

**দুর্নীতি তদন্তে কমিটি :** ইসলামী বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে উত্থাপিত দুর্নীতি তদন্তে তিন সদস্যের কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

জানা যায়, ইসলামী বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রণ অফিসের দুর্নীতি বিষয়ে একটি জাতীয় দৈনিকে সংবাদ প্রকাশিত হয়। সংবাদটি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন আমলে নিয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে এ বিষয়ে মতামত চেয়ে গত ১৪ জুন ইউজিসির সচিব ড. খালেদ স্বাক্ষরিত একটি ফ্যাক্স বার্তা পাঠায়। এরই পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আইন ও মুসলিম বিধান বিভাগের অধ্যাপক ড. সেলিম তোহাকে আহ্বায়ক করে তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেন।